প্রতিবাদ করলেই বলা হয় জামায়াত-শিবির: নুরুল হক নুরু

চেম্বার ডেস্কঃ◌ঃ ডাকসুর সদ্য বিদায়ী ভিপি নুরুল হক নুর বলেছেন, রাস্তায় মেনে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করলেই বলা হয় জামায়াত-শিবির। আসলে আমরা কোনো দলের এজেন্ডা বাস্তবায়নে রাজপথে আসেনি। জনগণের ন্যায্য অধিকার আদায়ে আমরা রাজপথে নেমে প্রতিবাদ করি। আমাদের এই প্রতিবাদ অব্যাহত থাকবে।

আজ শনিবার (২৮ নভেম্বর) রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক যৌথ সমাবেশে তিনি এ মন্তব্য করেন।
নুরুল হক নুর বলেন, বর্তমানে কেউ রাস্তায় নামলেই বলা হয় জামায়াত-শিবির। পাঁচজন এক জায়গায় অবস্থান করলে বলা হয় নাশকতামূলক সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। যুবলীগ, ছাত্রলীগ হামলা করছে, পুলিশ হয়রানি করছে। সরকার দেশকে বিভাজিত করতে সাম্প্রদায়িকতাকে ইস্যু করছে, সাম্প্রদায়িকতা ছড়াচ্ছে।

তিনি বলেন, সরকার দেশকে ব্যর্থতার দিকে ঠেলে দিতে চায়, আমরা এটা হতে দেবো না। মাদরাসা ছাত্রদের জঙ্গি তকমা লাগিয়ে অ্যাম্বাসিগুলোতে মিথ্যা তথ্য দেওয়া হচ্ছে। আমরা প্রতিবেশি কোনো দেশের তাবেদার হতে পারি না। চীন, ভারত, পাকিস্তান যেই হোক দেশকে ব্যর্থ করতে এলে আমরা আন্দোলন করব, তাদের চেষ্টা রুখে দেব।
ডাকসুর সদ্য বিদায়ী ভিপি আরও বলেন, আমরা কারও কোনো দলের এজেন্ডা বাস্তবায়ন করতে রাজপথে আসেনি। আমরা জামায়াত-শিবিরের এজেন্ডা বাস্তবায়ন করতে রাজপথে আন্দোলন করছি, এটা প্রমাণ করতে পারলে কথা দিলাম রাজনীতি ছেড়ে দেব।

সমাবেশে আরও বক্তব্য রাখেন গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, শ্রমিক নেতা তাসলিমা খাতুন, রাষ্ট্রচিন্তার সদস্য হাসনাত কাইয়ুম, ভাসানী পরিষদের মহাসচিব রাশিদুল ইসলাম বাবুল প্রমুখ।